# আত্ তারগীব ওয়াত্ তারহীব

হাদিস নাম্বারঃ ৬৪৮

৬. নফল সালাত সমূহ [নফল সালাতের বর্ণনা] (كتاب النوافل)

পরিচ্ছেদঃ ১৩) রাতে কিছু সময় ক্বিয়ামুল্লাইল না করে সকাল পর্যন্ত ঘুমিয়ে থাকার প্রতি ভীতি প্রদর্শন

## الترهيب من نوم الإنسان إلى الصباح وترك قيام شيء من الليل

আরবী

(صحيح) وَعَنْه (يعني جابرا) رَضِيَ اللَّهُ عَنْهُ أيضا أَنَّ النَّبِيَّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قال: ما من مسلم ذكر ولا أنثى ينام إلا وعليه جرير معقود فإن هو توضأ وقام إلى الصلاة أصبح نشيطا قد أصاب خيرا وقد انحلت عقده كلها وإن استيقظ ولم يذكر الله أصبح وعقده عليه وأصبح ثقيلا كَسِلانَ لَمْ يُصِبْ خَيْرًا. رواه ابن خزيمة وابن حبان

বাংলা

৬৪৮. (সহীহ্) জাবের (রাঃ) থেকে বর্ণিত। তিনি বলেন, রাসুলুল্লাহ (সালাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) বলেছেনঃ ”যে কোন পুরুষ বা নারী রাত্রে যখন নিদ্রা যায় তখন তার মাথায় রশিতে গিরা বেঁধে দেয়া হয়। যখন সে ওযু করে ও নামাযে দন্ডায়মান হয়, তখন প্রফুল্ল অবস্থায় সকাল করে ও কল্যাণ লাভ করে এবং সবগুলো গিরা খুলে যায়। আর যদি জাগ্রত হয়ে আল্লাহকে স্মরণ না করে, তখন গিরা থাকা অবস্থায় তার ভোর হয় এবং ভারী ও অলস থাকে। আর কোন কল্যাণ সে লাভ করতে পারে না।”

(ইবনে খুযায়মা ও ইবনে হিব্বান ২৫৫৬, এ বাক্যগুলো ইবনে হিব্বানের)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ওয়াহীদিয়া ইসলামিয়া লাইব্রেরী ⎕ বর্ণনাকারীঃ জাবির ইবনু আবদুল্লাহ আনসারী (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=88519

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন